



আজ বিশ্ব শিক্ষক দিবস



ছবি: সংগৃহীত

মানুষের জ্ঞান ও মূল্যবোধ গঠনের পাশাপাশি একটি সমাজের ভবিষ্যৎ তৈরিতেও শিক্ষকদের ভূমিকা গুরুত্বপূর্ণ। শ্রেণিকক্ষের পাঠদানের বাইরে শিক্ষার্থীদের নৈতিকতা, দায়িত্ববোধ ও মানবিক গুণাবলি বিকাশে তারা দিকনির্দেশনা দেন। তাই শিক্ষকতা শুধু একটি পেশা নয়, প্রজন্ম গড়ে তোলার গুরুত্বপূর্ণ দায়িত্বও। আজ ৫ অক্টোবর বিশ্ব শিক্ষক দিবস। শিক্ষকদের মর্যাদা ও অধিকার রক্ষা এবং শিক্ষা ও সমাজ গঠনে তাদের অবদানকে স্বীকৃতি দিতে প্রতিবছর দিনটি পালিত হয়। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও বিভিন্ন কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি পালন করা হয়ে থাকে। কয়েক বছর ধরে দেশে সরকারি উদ্যোগেও বিশ্ব শিক্ষক দিবস পালিত হচ্ছে। বিশ্ব শিক্ষক দিবস পালনের সিদ্ধান্ত আসে ১৯৯৩ সালে। ওই বছর প্যারিসে অনুষ্ঠিত ইউনেস্কোর ২৬তম সাধারণ সভায় ৫ অক্টোবরকে দিবসটির জন্য নির্ধারণ করা হয়। ১৯৯৪ সালে প্রথমবার দিবসটি পালন করা হয়। পরের বছর থেকে ইউনেস্কোর সদস্যভুক্ত বিভিন্ন দেশে আনুষ্ঠানিকভাবে ৫ অক্টোবর বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়ে আসছে। প্রতিবছর ইউনেস্কোর অনুমোদনে একটি নির্দিষ্ট প্রতিপাদ্যকে সামনে রেখে দিবসটি পালন করা হয়। এর মাধ্যমে শিক্ষকদের অবদান তুলে ধরার পাশাপাশি শিক্ষা ব্যবস্থায় তাদের প্রয়োজনীয়তা, পেশাগত মর্যাদা এবং শিক্ষার্থীদের ভবিষ্যৎ গঠনে তাদের ভূমিকার বিষয়টিও সামনে আসে। শিক্ষার মানোন্নয়ন ও একটি জ্ঞানভিত্তিক সমাজ গঠনে শিক্ষকদের ভূমিকা বিবেচনায় নিয়ে দিনটি তাদের প্রতি সম্মান ও কৃতজ্ঞতা প্রকাশেরও একটি উপলক্ষ। শিক্ষার্থীদের কাছে একজন শিক্ষক শুধু পাঠদানের মানুষ নন, অনেক ক্ষেত্রে ভবিষ্যৎ পথচলার পরামর্শদাতা ও অনুপ্রেরণার উৎস হিসেবেও ভূমিকা রাখেন।